তারিখ ... 22/3/79 ...
পৃষ্ঠা ... 8 ... কলাম ... 8 ...

109

ইত্তেফাক

# রাজধানীসহ দেশের বিভিন্নস্থানের শিক্ষা প্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট

( ইত্তেফাক রিপোর্ট )

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ছাত্র শিক্ষকদের উপর পুলিশের গুলীবর্ষণ ও নির্যাতনের প্রতিবাদে গতকাল (বুধবার) রাজধানী ঢাকা ও নারায়ণগঞ্জের সকল শিক্ষা প্রতিষ্ঠানে পূর্ণ ছাত্র ধর্মঘট পালিত হয়। বাংলাদেশ ছাত্রলীগ (কাদের চুন্নু), বাংলাদেশ ছাত্র ইউনিয়ন ও বাংলাদেশ ছাত্রলীগ (মান্না) পৃথক পৃথকভাবে এই ধর্মঘটের আহ্বান জানাইয়াছিল।

ইহাছাড়াও দেশের বিভিন্ন স্থান হইতে অনুরূপ ছাত্র ধর্মঘট, বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভার খবর পাওয়া গিয়াছে।

আমাদের ঝিনাইদহ সংবাদদাতা জানান, ঝিনাইদহ শহরে পূর্ণ ছাত্র ধর্মঘট, বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সভার মাধ্যমে দোষী ব্যক্তিদের দৃষ্টান্তমূলক শাস্তি দাবী করা হয়।

পাবনায় ছাত্র ছাত্রীরা ক্লাস বর্জন, বিক্ষোভ মিছিলের মাধ্যমে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলরের পদত্যাগ দাবী করে।

পাবনায় ছাত্র ছাত্রীরা পূর্ণ ধর্মঘটের মাধ্যমে পুলিশী নির্যাতনের তীব্র নিন্দা জ্ঞাপন করে।

বরিশালেও ছাত্র-ছাত্রীরা ক্লাস বর্জন, বিক্ষোভ মিছিলের মাধ্যমে ঘটনার বিচার বিভাগীয় তদন্ত দাবী করে।

খুলনায় ছাত্র ছাত্রীরা ক্লাস বর্জন, বিক্ষোভ মিছিল এবং

(৩য় কঃ দ্রঃ)

৮ম কঃ পর)

প্রতিবাদ সভা ছাড়াও রাস্তায় রাস্তায় ব্যারিকেড সৃষ্টি করিলে ২ ঘণ্টা কোন যানবাহন চলাচল করিতে পারে নাই। দৌলতপুর হইতেও একটি ছাত্রমিছিল খুলনায় ছাত্র-ছাত্রীদের সঙ্গে মিলিত হয়।

যশোহরেও ছাত্র-ছাত্রীদের বিক্ষোভের ফলে দুপুরের দিকে বেশ কিছুক্ষণ যান চলাচল বন্ধ থাকে। যশোরে ছাত্র-ছাত্রীরা আজ (বৃহস্পতিবার) বেলা ১২টা পর্যন্ত হরতাল পালনের আহ্বান জানাইয়াছে।

ময়মনসিংহেও ছাত্র ছাত্রীরা ক্লাস বর্জন, মিছিল ইত্যাদির মাধ্যমে বিক্ষোভ প্রদর্শন করে।

ইহাছাড়াও চট্টগ্রামসহ দেশের সর্বত্র অনুরূপ বিক্ষোভের খবর পাওয়া গিয়াছে।